



**Khulna University Journal of Arts and Humanities**  
খুলনা বিশ্ববিদ্যালয় জার্নাল অব আর্টস এ্যান্ড হিউম্যানিটিজ  
খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা-৯২০৮  
বাংলাদেশ

স্মারক নং-খুবি/কলা-৮১-২০০৯

তারিখ: ০৩ জ্যৈষ্ঠ ১৪৩৩ বঙ্গাব্দ  
১৭ মে ২০২৬ খ্রিষ্টাব্দ

### বিজ্ঞপ্তি

বিষয়: গবেষণা জার্নালের জন্য প্রবন্ধ আহ্বান।

জনাব,

শুভেচ্ছা গ্রহণ করুন। খুলনা বিশ্ববিদ্যালয় জার্নাল অব আর্টস এ্যান্ড হিউম্যানিটিজ, খুলনা বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ-এর ISSN নম্বরযুক্ত একটি *Peer Reviewed* গবেষণা জার্নাল। প্রতি বছর ০১ (এক) টি করে জার্নাল প্রকাশিত হয়। বিশেষজ্ঞ-মতামতের ভিত্তিতে এই জার্নালে ভাষা, ভাষাবিজ্ঞান, সাহিত্য, দর্শন, ইতিহাস, সংস্কৃতি, শিল্পকলা, স্থাপত্য, চারুকলা, নাট্যকলা, সভ্যতা, জেডার অধ্যয়ন, রাজনীতি, পুরাতত্ত্ব, শান্তি ও সংঘাত অধ্যয়ন, তুলনামূলক ধর্মতত্ত্ব, শিক্ষা এবং গবেষণা বিষয়ক মৌলিক গবেষণা-প্রবন্ধ প্রকাশিত হয়। আমরা আনন্দের সঙ্গে জানাচ্ছি যে, খুলনা বিশ্ববিদ্যালয় জার্নাল অব আর্টস এ্যান্ড হিউম্যানিটিজ'র পঞ্চম সংখ্যা প্রকাশের উদ্যোগ গ্রহণ করেছে। ২০২৬ খ্রিষ্টাব্দের আগস্ট মাসের মধ্যে প্রকাশিতব্য জার্নালের পঞ্চম সংখ্যার জন্য ইংরেজি/বাংলা ভাষায় মৌলিক গবেষণা প্রবন্ধ আহ্বান করা হচ্ছে।

আগ্রহী লেখক ও গবেষকবৃন্দকে সংযুক্ত নিয়মাবলী অনুসরণ করে অনলাইনের মাধ্যমে আগামী ৩০ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দের মধ্যে [www.kujah-e.com](http://www.kujah-e.com) মাধ্যমে জমা দেওয়ার জন্য অনুরোধ করছি।

উপর্যুক্ত বার্তাটি আপনার প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট বিভাগের সম্মানিত শিক্ষক ও গবেষকবৃন্দকে অবহিত করতে বিশেষভাবে অনুরোধ করছি।

ধন্যবাদান্তে,

(ড. মো. মাহমুদ আলম)

নির্বাহী সম্পাদক

খুলনা বিশ্ববিদ্যালয় জার্নাল অব আর্টস এ্যান্ড হিউম্যানিটিজ

খুলনা বিশ্ববিদ্যালয়

খুলনা -৯২০৮, বাংলাদেশ।

সংযুক্তি: গবেষণা প্রবন্ধ লেখার নিয়মাবলী